

জীবিত অঙ্গপ্রত্যঙ্গ দানের ক্ষেত্রে হিউম্যান টিস্যু অথরিটির (Human Tissue Authority) ভূমিকা

দ্য হিউম্যান টিস্যু আইন 2004 (The Human Tissue Act 2004) (HT আইন) ইংল্যান্ড, ওয়েলস্ এবং উত্তর আয়ারল্যান্ডে অঙ্গপ্রত্যঙ্গ দানের আইনি পরিকাঠামো প্রদান করে। স্কটল্যান্ডে হিউম্যান টিস্যু (স্কটল্যান্ড) আইন (Human Tissue (Scotland) Act) 2006 এই পরিকাঠামো প্রদান করে।

দ্য হিউম্যান টিস্যু অথরিটি (Human Tissue Authority - HTA) HT আইন সম্পর্কে পরামর্শ এবং পথনির্দেশ প্রদান করে। পার্লামেন্ট কর্তৃক স্থিরীকৃত শর্তের ওপর ভিত্তি করে প্রতিটি ক্ষেত্রে বিষয়টি এগিয়ে নিয়ে যাওয়া যাবে কি না সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে আমরা UK-তে জীবিত মানুষদের অঙ্গপ্রত্যঙ্গ দানের বিষয়টি নিয়ন্ত্রণ করি।

আপনার অঙ্গ প্রতিস্থাপন ইউনিট প্রদত্ত তথ্যের সঙ্গে আমরা আপনাকে এই প্রচারপত্রটিও পড়ে দেখার জন্য সুপারিশ করব। এটি আপনাকে জীবিত দাতা এবং অঙ্গগ্রহীতা উভয়ের ক্ষেত্রে জ্ঞাতব্য বিষয়গুলি জানতে সাহায্য করবে।

নিরপেক্ষ মূল্যায়নকারীর সাক্ষাৎকার

সব দাতা এবং অঙ্গগ্রহীতাদের HTA কর্তৃক প্রশিক্ষিত এবং অনুমোদিত একজন নিরপেক্ষ মূল্যায়নকারীর (Independent Assessor - IA) সঙ্গে সাক্ষাৎ করতে হয়। IA আমাদের পক্ষ নিয়ে

পৃথকভাবে এবং একত্রে দাতা এবং গ্রহীতা উভয়ের সাক্ষাৎকার নেন এবং তাঁরা প্রক্রিয়ার চিকিৎসা সংক্রান্ত দিকগুলির সঙ্গে যুক্ত স্বাস্থ্য পরিষেবা দলের থেকে স্বাধীনভাবে কাজ করে।

সাক্ষাৎকারের উদ্দেশ্য হল এটা নিশ্চিত করা যাতে দাতারা ইচ্ছার বিরুদ্ধে কোনো কিছু করতে বাধ্য না হন, এই প্রক্রিয়ার জন্য কোনো পুরস্কার চাওয়া অথবা দেওয়া না হয় এবং দাতার বিষয়টি সম্পর্কে অবহিত হয়ে সিদ্ধান্ত নেওয়ার সামর্থ্য থাকে।

জটিলতার ভিত্তি করে অধিকাংশ সাক্ষাৎকার 30 মিনিট থেকে এক ঘন্টা পর্যন্ত স্থায়ী হয়। দাতা এবং গ্রহীতাদের পরিচয়ের প্রমাণ এবং তাঁদের মধ্যে সম্পর্কের প্রমাণ সঙ্গে নিয়ে আসার জন্য অনুরোধ করা হবে।

যদি HT আইনের শর্তাবলী পূরণ না হয়, তাহলে দুজন জীবিত ব্যক্তির মধ্যে অঙ্গ প্রতিস্থাপনের জন্য অপারেশন করা আইনত অপরাধ বলে গণ্য হয়। এর অর্থ হল বৈধ সম্মতি অবশ্যই থাকতে হবে। মানব অঙ্গপ্রত্যঙ্গ কেনাবেচার সঙ্গে যুক্ত থাকাও অপরাধ বলে গণ্য হয়। এই ধরনের অপরাধের ক্ষেত্রে তিন বছর পর্যন্ত হাজতবাস অথবা জরিমানা অথবা উভয়ই হতে পারে। সব দাতাকে যে অঙ্গ দান এবং অঙ্গ প্রতিস্থাপনের সাথে কোন পুরস্কার সংশ্লিষ্ট নেই নিশ্চিত করতে একটি স্বাক্ষরিত ঘোষণাপত্র প্রদান করতে বলা হয়।

হিউম্যান টিস্যু অথরিটি

(Human Tissue Authority)

জীবিত অঙ্গপ্রত্যঙ্গ

দানের ক্ষেত্রে

আমাদের ভূমিকা



নিরপেক্ষ মূল্যায়নের প্রক্রিয়া

চিকিৎসক দাতাকে অঙ্গদানের জন্য চিকিৎসাগত এবং নিদানিকভাবে উপযুক্ত বলে নির্ধারণ করার পরেই HTA সাফাংকার নেওয়া হবে।

লিভিং ডোনার কো-অর্ডিনেটর (Living Donor Coordinator - LDC) এমন একটি সময়ে সাফাংকারের ব্যবস্থা করবেন যা দাতা, গ্রহীতা এবং IA এর পক্ষে উপযুক্ত। এছাড়াও LDC প্রয়োজনে অনুবাদক অথবা তাঁদের অন্য কোনো বিশেষ প্রয়োজন থাকলে তার ব্যবস্থা করবেন।

সাফাংকারের পরে HTA এর কাছে সাফাংকার সম্পর্কিত প্রতিবেদন জমা দেওয়ার জন্য IA 10টি কর্মদিবস পাবে। অঙ্গ প্রতিস্থাপক ইউনিট কর্তৃক পাঠানো সব কেসগুলির

বিষয়ে HTA-কে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। কোনো কোনো ক্ষেত্রে HTA এর একজন সদস্য কেসগুলির মূল্যায়ন করতে পারেন, আর অন্যান্য ক্ষেত্রে মূল্যায়নটি বোর্ডের তিনজন সদস্যকে নিয়ে গঠিত প্যানেল করবে। HTA এর লক্ষ্য হল পাঁচটি কর্মদিবসের মধ্যে তাদের কাছে পাঠানো সব প্যানেল বহির্ভূত কেসগুলির মূল্যায়ন করা এবং দশটি কর্মদিবসের মধ্যে প্যানেলের অন্তর্ভুক্ত সকল কেসগুলির মূল্যায়ন করা। কেসের মূল্যায়নের জন্য HTA এর প্রয়োজনীয় সকল তথ্য পাওয়ার পর থেকে এই সময়কাল শুরু হবে।

প্রতিটি ঘটনা সম্পর্কে একবার সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে গেলে LDC এবং দাতার দায়িত্বপ্রাপ্ত চিকিৎসককে জানানো হবে। HTA এর পক্ষে LDC দাতা এবং গ্রহীতাকে সিদ্ধান্ত সম্পর্কে জানাবে।



যোগাযোগ

এই প্রচারপত্রটি একটি নির্দেশিকা মাত্র। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে যোগাযোগ করুন:

☎ 020 7269 1900

@ enquiries@hta.gov.uk

🌐 www.hta.gov.uk

🐦 @HTA_UK

f /HumanTissueAuthority

Human Tissue Authority
151 Buckingham Palace
Road London

✉ SW1W 9SZ

এই প্রচারপত্রটি আমাদের ওয়েবসাইটে আরবি, বাংলা, গ্রিক, গুজরাটি, হিন্দি, পোলিশ, পাঞ্জাবি, উর্দু এবং ওয়েলশ ভাষায় পাওয়া যায়।

প্রকাশনা: জুলাই 2014

স্বত্বাধিকারী: Human Tissue Authority